



বাদাবন সংঘ
Badabon Sangho
(A Women's Rights Organisation)

১৯৬০ সালের ২৫ নভেম্বর ডোমিনিক্যান রিপাবলিকের স্বৈরাচারী সরকার বিরোধী মিরাবেল ভগ্নিত্রয়কে সেনা সদস্য দ্বারা ধর্ষণ ও হত্যাকাণ্ডকে স্মরণ করে ১৯৮১ সালে ল্যাটিন আমেরিকান ও ক্যারিবীয় নারী সম্মেলন ২৫ নভেম্বরকে “নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিবাদ দিবস” ঘোষণা করে। লক্ষ্য: নারী নির্যাতনের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রতিরোধ গড়ে তোলা। এই লক্ষ্যে ১৯৯১ সালে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর উইমেন্স গ্লোবাল লিডারশীপের এক প্রশিক্ষণে ২৩টি দেশ থেকে আগত অংশগ্রহণকারীগণ “নারী নির্যাতন মানবাধিকারের লঙ্ঘন”-এই চিন্তার ভিত্তিতে ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর ‘মানবাধিকার দিবস’ পর্যন্ত পক্ষ কালব্যাপী নারী নির্যাতনের বিরুদ্ধে কর্মসূচি গ্রহণের প্রস্তাব করেন। এই ডাকে সাড়া দিয়ে দেশে দেশে হাজার হাজার সংগঠন ১৬ দিনব্যাপী নারী নির্যাতনের বিরুদ্ধে বিশ্বব্যাপী অভিযানে অংশগ্রহণ করে আসছে।

বাদাবন সংঘ প্রতিষ্ঠালগ্ন হতে নারীর ভূমি অধিকার ও নারীর প্রতি সহিংসতাকে বিবেচনায় নিয়ে ক্যাম্পেইন ও নীতি গবেষণা পরিচালনা করছে। প্রতিবছরের ন্যায় এই বছরও আমরা আন্তর্জাতিক নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ পক্ষকাল, ২০২৪ পালন করবো।

তারিখ: ২৭ নভেম্বর ২০২৪,

স্থান: দূকপাঠ ভবন, মির তাজ ভেন্যু (৭ম তলা), শুক্রাবাদ রোড, ঢাকা

উক্ত অনুষ্ঠানে আপনি বা আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

ধন্যবাদ,

লিপি রহমান

নিবাহী পরিচালক

বাদাবন সংঘ

প্রথম পর্ব (আর্ট ক্যাম্প): নারীর প্রতি সহিংসতা, নারী ক্ষমতায়ন এবং নারী’র ভূমি অধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে আর্ট ক্যাম্পে ১৫জন তরুণ শিল্পীরা অংশগ্রহণ করবেন।

১০:৩০ - ১১:০০: অভ্যর্থনা

১১:০০ - ১১:১৫ : সম্মানিত অতিথিদের বক্তব্য

১১:১৫ - ১১:৩০ : আর্ট ক্যাম্প উদ্বোধন

দ্বিতীয় পর্ব (নারীর উত্তরাধিকার স্বত্ব বিষয়ক টিউটোরিয়াল ভিডিও)

প্রকাশ: নারীদের উত্তরাধিকার মালিকানা স্বত্ব বর্ণনা করে একটি সহজ ভিডিও টিউটোরিয়াল তৈরী করা হবে। টিউটোরিয়ালটিতে ভূমি অফিসের দায়িত্ব, বিভিন্ন ধরনের মালিকানা স্বত্ব এবং কাগজপত্র সম্পর্কে সহজে বর্ণনা থাকবে।

০৩:০০- ৩.১৫: অভ্যর্থনা ও স্বাগত বক্তব্য

৩.১৫ -০৩:৪০: টিউটোরিয়াল ভিডিও উদ্বোধন

০৩.৪০-৪.০০: সম্মানিত অতিথিদের বক্তব্য ও সমাপ্তি